

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশাঁ প্লাজা (৭ম তলা), ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (ইনোভেশন) কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মুহাম্মদ মাজেদুল হক, নির্বাহী পরিচালক
সভার তারিখ	: ০৪ সেপ্টেম্বর ২০২৩, সোমবার
সভার সময়	: বেলা ১২.০০ ঘটিকা
সভার স্থান	: এমআরএ সম্মেলন কক্ষ
সভার উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

শিরোনামে উল্লেখিত বিষয়ে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির নির্বাহী পরিচালক জনাব মুহাম্মদ মাজেদুল হক-এর সভাপতিত্বে ০৪ সেপ্টেম্বর ২০২৩, সোমবার বেলা ১২.০০ ঘটিকায় এমআরএ সম্মেলন কক্ষে অথরিটির “২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা” বিষয়ক (ইনোভেশন) কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় অথরিটির নির্বাহী পরিচালক জনাব মুহাম্মদ মাজেদুল হক, সিস্টেম এনালিস্ট জনাব চন্দন কুমার দাস, উপপরিচালক জনাব জনাব জিনাত আমান বন্যা, সিনিয়র সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুর রাজ্জাক উপস্থিত ছিলেন।

২। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত কমিটির সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০২৩-২৪ নতুন অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার সর্বোত্তম বাস্তবায়ন এবং সেবা সহজিকরণ বিষয়ে একটি নতুন উদ্ভাবনী ধারণার জন্য মতামত প্রদান করতে আহ্বান জানান। তিনি ২০২৩-২৪ অর্থবছরে ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় সর্বোচ্চ নাম্বার পাওয়ার জন্য উপস্থিত কমিটির সকল সদস্যগণকে আন্তরিকভাবে কার্যক্রম পরিচালনার জন্য আহ্বান জানান।

৩। আলোচনাঃ

(১) অথরিটির সিস্টেম এনালিস্ট জনাব চন্দন কুমার দাস গত অর্থবছরের কর্মপরিকল্পনায় যে সকল বিষয়ে কম নাম্বার পাওয়া গেছে সে সকল বিষয়ে জোর দেওয়ার জন্য সভায় মতামত ব্যক্ত করেন এবং ২০২৩-২৪ অর্থ বছরের নতুন কর্মপরিকল্পনার সার্বিক বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

উপস্থিত কমিটির সদস্যবৃন্দ অথরিটির ২০২৩-২৪ অর্থ বছরের নতুন কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়নে করণীয় বিষয়ে সবিস্তর আলোচনা করেন এবং কমিটির সদস্যবৃন্দ এ বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন।

(২) অথরিটির উপপরিচালক জনাব জিনাত আমান বন্যা, গত অর্থবছরের কমিটির সদস্য সহকারী প্রোগ্রামার, জনাব মোঃ শরিফুল সোহান চাকরি ছেড়ে চলে যাওয়ায় তার স্থলে অথরিটির প্রোগ্রামার জনাব মোছাঃ দেলোয়ারা খুশিকে কমিটিতে অর্ন্তভুক্ত করার জন্য কমিটির সকল সদস্যগণের কাছে মতামত প্রকাশ করেন। কমিটির সদস্যগণ প্রোগ্রামার জনাব মোছাঃ দেলোয়ারা খুশিকে কমিটিতে অর্ন্তভুক্ত করার বিষয়ে ঐক্যমত পোষণ করেন।

(৩) সভার সভাপতি অথরিটির নির্বাহী পরিচালক জনাব মুহাম্মদ মাজেদুল হক ই-নথির ব্যবহার বৃদ্ধিতে সকল শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করার বিষয় নিয়ে আলোচনা করেন। অথরিটির সার্বিক কার্যক্রমের গতি ত্বরান্বিত করতে ই-নথি খুবই গুরুত্বপূর্ণ বলে তিনি সভায় মত প্রকাশ করেন।


(৪) অথরিটির বিভিন্ন নোটিশ, সার্কুলার, প্রকাশনা নিয়মিতভাবে ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে কমিটির সকল সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন।

৫। সিদ্ধান্তসমূহঃ

বিস্তারিত আলোচনা ও সকলের সম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

- (ক) অথরিটির প্রোগ্রামার জনাব মোছাঃ দেলোয়ারা খুশিকে কমিটিতে অর্ন্তভুক্ত করে কমিটি পুনর্গঠন; এবং
- (খ) সেবা সহজিকরণ বিষয়ে একটি নতুন উদ্ভাবনী ধারণা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন।

৬। পরিশেষে সভায় আর কোন আলচ্যসূচি না থাকায় সভার সভাপতি মহোদয় কমিটির সকল সদস্যগণকে সর্বশেষ সভায় অংশগ্রহণ করায় ধন্যবাদ ও বিশেষ কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মুহাম্মদ মাজেদুল হক)
নির্বাহী পরিচালক
ও ইনোভেশন অফিসার

সূত্র নং - ৫৩.০৪.০০০০.০০৬.০৬.০০৩.২৩- ০৯

তারিখ : ২০ ভাদ্র, ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সিস্টেম এনালিস্ট, সিআইবি এন্ড আইসিটি বিভাগ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
- ২) উপপরিচালক, মাবনসম্পদ শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
- ৩) প্রোগ্রামার, সিআইবি প্রোগ্রাম শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
- ৪) সিনিয়র সহকারী পরিচালক, রেগুলেশন শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

Chondan
০৫.০৭.২৩

(চন্দন কুমার দাস)

সিস্টেম এনালিস্ট ও সদস্য

ই-মেইলঃ system.analyst@mra.gov.bd